

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

সম্প্রসারণ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৩ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৭-আইন/২০১৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের
শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক
বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। শিরোনাম —এই বিধিমালা জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা —বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মকর্তা;
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ কোনো পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;
- (চ) “শিক্ষানবিশ” অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং
- (ছ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা স্বীকৃত ইনসিটিউট বা স্বীকৃত প্রতিষ্ঠান” অর্থ
আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো
বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনসিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য
পূরণকালে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য
কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনসিটিউট বা প্রতিষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে।

(১৭৬১৯)

মূল্য ৫ টাকা ২৪.০০

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তিকে কোনো পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিখিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডিমসাইল না হন; এবং
- (খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্বকার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত বা বিধিবদ্ধ সংস্থার চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্থীয় উর্ধ্বর্তন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতনস্কেল এর গ্রেড ১৩—১৬ এর কোনো পদ হইতে গ্রেড ১০—১২ এর কোনো পদে এবং গ্রেড ১০—১২ এর কোনো পদ হইতে গ্রেড ৯ বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না ।

৬। শিক্ষানবিশি—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয় ।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশির শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে অথবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশির চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ থেকে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে ।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সম্মত হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে ।

(৪) কোনো শিক্ষানবিশির কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন ।

৭। বিশেষ বিধান—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ হইলে উভয় প্রকার কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে ।

(২) এই বিধিমালা কার্যকরের তারিখে যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে কেবল সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত শিক্ষানবিশিকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬ এর উপ-বিধি (৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না ।

তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	মহাপরিচালক	--	প্রেষণে বদলির মাধ্যমে	প্রেষণে বদলির ক্ষেত্রে : বি.সি.এস (কৃষি) ক্যাডারের জাতীয় বেতনক্ষেত্রে এর গ্রেড-২ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।
২।	পরিচালক (প্রশাসন-১ এবং প্রশিক্ষণ-১)	--	প্রেষণে বদলির মাধ্যমে	প্রেষণে বদলির ক্ষেত্রে : কৃষি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমেট বি.সি.এস (কৃষি) ক্যাডারের জাতীয় বেতনক্ষেত্রে এর গ্রেড-৩ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।
৩।	(ক) উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস-১, পরিকল্পনা ও প্রকাশনা-১)	--	প্রেষণে বদলির মাধ্যমে	প্রেষণে বদলির ক্ষেত্রে : কৃষি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমেট বি.সি.এস (কৃষি) ক্যাডারের জাতীয় বেতনক্ষেত্রে এর গ্রেড-৫ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।
	(খ) উপ-পরিচালক (এগ্রোনমি-১, উদ্যানতত্ত্ব-১, সয়েল সায়েন্স-১, কৌলিতত্ত্ব ও উভিদ প্রজনন-১, কীটতত্ত্ব-১, উভিদ রোগতত্ত্ব-১, কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ অর্থনীতি-১, পরিবেশ ও কৃষি বনায়ন-১)	--	প্রেষণে বদলির মাধ্যমে	প্রেষণে বদলির ক্ষেত্রে : এগ্রোনমি/উদ্যানতত্ত্ব/ সয়েল সায়েন্স/কৌলিতত্ত্ব ও উভিদ প্রজনন/ কীটতত্ত্ব/উভিদ রোগতত্ত্ব/ কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ অর্থনীতি/ পরিবেশ ও কৃষি বনায়ন বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমেট বি.সি.এস (কৃষি) ক্যাডারের জাতীয় বেতনক্ষেত্রে এর গ্রেড-৫ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।

১	২	৩	৪	৫
৩।	(গ) উপ-পরিচালক (কৃষি যন্ত্রপাতি ও পানি ব্যবস্থাপনা-১ এবং ফুড টেকনোলজি-১)	অনুর্ধ্ব ৪৫ বৎসর	পদোন্নতির মাধ্যমে তবে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং পদোন্নতি ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	<p>পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>(ক) সিনিয়র সহকারী পরিচালক (কৃষি যন্ত্রপাতি বা ফুড টেকনোলজি) পদে অন্ত্যন ৫(পাঁচ) বৎসরের চাকরি; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্ত্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ম্লাতক (সম্মান) ডিইসিসহ ম্লাতকোভূত বা সমমানের ডিইসী;</p> <p>অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্ত্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ম্লাতক (সম্মান) বা সমমানের ডিইসী;</p> <p>অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়সহ অন্ত্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ম্লাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ম্লাতকোভূত বা সমমানের ডিইসী;</p> <p>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্ত্যন ১০(দশ) বৎসরের বাস্তব কৰ্ম অভিভূতা; এবং</p> <p>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p>প্রেষণে বদলির ক্ষেত্রে :</p> <p>সংশ্লিষ্ট বিষয়ে ম্লাতকোভূত ডিইসিসহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জাতীয় বেতনক্ষেত্রে এর ছেড-৫ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।</p>

১	২	৩	৪	৫
৮।	সিস্টেম এনালিস্ট	The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
৫।	<p>(ক) সিনিয়র সহকারী পরিচালক (দানা জাতীয় ও অর্থকরী ফসল-১, ডাল ও তেল জাতীয় ফসল-১, ফুল ও ফল-১, সবজি ও মসলা-১, সয়েল ফিজিক্স-১, সয়েল ক্যামেস্ট্রি ও মাইক্রোবায়োলজি-১, কৌলিতত্ত্ব ও উভিদ প্রজনন-১, বায়োটেকনোলজি-১, হার্টিকালচারাল ক্রপ পেস্ট-১, ফিল্ড ক্রপ পেস্ট-১, হার্টিকালচারাল ক্রপ ডিজিজ-১, ফিল্ড ক্রপ ডিজিজ-১, পরিবেশ ও কৃষি বনায়ন-১, কৃষি অর্থনীতি-১, কৃষি সম্প্রসারণ-১)</p> <p>(খ) সিনিয়র সহকারী পরিচালক (কৃষি যন্ত্রপাতি-১ এবং ফুড টেকনোলজি-১)</p>	--	<p>প্রেষণে বদলির মাধ্যমে</p> <p>প্রেষণে বদলির ক্ষেত্রে :</p> <p>এগ্রোনমি/উদ্যানতত্ত্ব/সয়েল সায়েস/কৌলিতত্ত্ব ও উভিদ প্রজনন/বায়োটেকনোলজি/কীটতত্ত্ব/উভিদ রোগতত্ত্ব/পরিবেশ ও কৃষি বনায়ন/কৃষি অর্থনীতি/পরিসংখ্যান/কৃষি সম্প্রসারণ বিষয়ে ম্লাতকোত্তর ডিহী এবং অন্যন ৮(আট) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ বি.সি.এস (কৃষি) ক্যাডারের জাতীয় বেতনক্ষেত্র এর হোড-৬ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।</p>	
		অনুর্ধ্ব ৪০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ম্লাতক (সম্মান) ডিগ্রীসহ ম্লাতকোত্তর বা সমমানের ডিহী;</p> <p style="text-align: right;">অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ম্লাতক (সম্মান) ডিহী;</p> <p style="text-align: right;">অথবা</p>

১	২	৩	৪	৫
				<p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়সহ অন্যন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী;</p> <p>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যন্য ৮ (আট) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং</p> <p>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p>প্রেষণে বদলির ক্ষেত্রে :</p> <p>সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যন্য ৮(আট) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জাতীয় বেতনফেল এর হ্রেড-৬ এর কর্মকর্তাগণের মধ্য হইতে।</p>
৬।	প্রোগ্রামার	..	পদোন্নতির মাধ্যমে	সহকারী প্রোগ্রামার/এসিস্ট্যান্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ড্যাটা এনালিস্ট পদে অন্যন্য ৭(সাত) বৎসরের চাকরি।
৭।	মেডিকেল অফিসার	অনুর্ধ্ব ৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন কোনো স্বীকৃত মেডিকেল কলেজ হইতে এমবিবিএস ডিগ্রী;</p> <p>(খ) কোনো স্বীকৃত মেডিকেল কলেজ হইতে অন্যন্য ১(এক) বৎসর মেয়াদি ইন্টার্নেশনাল কোর্স সম্পূর্ণ;</p> <p>(গ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং</p> <p>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p>প্রেষণে বদলির ক্ষেত্রে :</p> <p>বি.সি.এস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী সার্জন/মেডিকেল অফিসারদের মধ্য হইতে।</p>

১	২	৩	৪	৫
৮।	সহকাৰী প্ৰোগ্ৰামাৰ		The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।	
৯।	এসিসট্যান্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়াৰ		The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।	
১০।	লাইব্ৰেরিয়ান	অনুৰূপ ৩০ বৎসৱ	সৱাসৱি নিয়োগেৰ মাধ্যমে	<p>সৱাসৱি নিয়োগেৰ ক্ষেত্ৰে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্ৰহণার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে ৪ (চাৰ) বৎসৱ মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্ৰীসহ স্নাতকোত্তৰ বা সমমানেৰ ডিগ্ৰী;</p> <p style="text-align: center;">অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্ৰহণার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে ৪(চাৰ) বৎসৱ মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্ৰী;</p> <p style="text-align: center;">অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্ৰহণার ও তথ্য বিজ্ঞান বিষয়সহ অন্যুন দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে স্নাতকসহ প্ৰথম শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে স্নাতকোত্তৰ বা সমমানেৰ ডিগ্ৰী; এবং</p> <p>(খ) কম্পিউটাৰ পৰিচালনায় দক্ষতা।</p>
১১।	প্ৰকৌশলা কৰ্মকৰ্তা	--	পদোন্নতিৰ মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্ৰাৰ্থী পাওয়া না গোলে প্ৰেষণে বদলিৰ মাধ্যমে	<p>পদোন্নতিৰ ক্ষেত্ৰে :</p> <p>উপ-সহকাৰী প্ৰকৌশলী (প্ৰিস্টিং) পদে অন্যুন ৭ (সাত) বৎসৱেৰ চাকৰি।</p>

১	২	৩	৪	৫
				<p>প্ৰেষণে বদলিৰ ক্ষেত্ৰে :</p> <p>কৃষি বিষয়ে স্নাতকোত্তৰ ডিগ্ৰী এবং অন্যন ৪(চাৰ) বৎসৱেৰ চাকৰিৰ অভিজ্ঞতাসহ বি.সি.এস (কৃষি) ক্যাডাৱেৰ জাতীয় বেতনফেল এৱ হোট-৯ এৱ কৰ্মকৰ্ত্তাগণেৰ মধ্য হইতে ।</p>
১২।	ড্যাটা এনালিস্ট	অনুৰ্ধ্ব ৩০ বৎসৱ	সৱাসৱি নিয়োগেৰ মাধ্যমে	<p>সৱাসৱি নিয়োগেৰ ক্ষেত্ৰে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে কম্পিউটাৱ সায়েন্স বিষয়ে অন্যন ৪(চাৰ) বৎসৱ মেয়াদি বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্ৰী বা যে কোনো বিষয়ে অন্যন দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে ৪(চাৰ) বৎসৱ মেয়াদি বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্ৰী;</p> <p style="text-align: center;">অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদাৰ্থ বিজ্ঞান বা ফলিত পদাৰ্থ বিজ্ঞান বা গণিত বা পৱিসংখ্যান বিষয়ে অন্যন দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে ৪(চাৰ) বৎসৱ মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্ৰী;</p> <p style="text-align: center;">অথবা</p> <p>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদাৰ্থ বিজ্ঞান বা ফলিত পদাৰ্থ বিজ্ঞান বা গণিত বা পৱিসংখ্যান বিষয়ে অন্যন দ্বিতীয় শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে স্নাতকসহ প্ৰথম শ্ৰেণি বা সমমানেৰ সিজিপিএ-তে স্নাতকোত্তৰ বা সমমানেৰ ডিগ্ৰী;</p> <p>(খ) স্ট্যাভাৰ্ড এপটিচিটড টেস্ট এ উত্তীৰ্ণ হইতে হইবে; এবং</p> <p>(খ) কম্পিউটাৱ পৱিচালনায় দক্ষতা ।</p>

১	২	৩	৪	৫
১৩।	উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত পলিটেকনিক ইনসিটিউট হইতে মেকানিক্যাল টেকনোলজি বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।
১৪।	উপ-সহকারী প্রকৌশলী (প্রিন্টিং)	অনুর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য পার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : (ক) প্রিন্টিং মেশিন অপারেটর পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত শাফিক আর্টস ইনসিটিউট হইতে প্রিন্টিং বা প্রিন্টিং টেকনোলজি বিষয়ে অন্যন ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।
১৫।	ফিজিক্যাল ইনস্ট্রাক্টর	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বি.পি.এড.) ডিগ্রী; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।

১	২	৩	৪	৫
১৬।	প্রশাসনিক কর্মকর্তা	অনুর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	পদোন্নতির ক্ষেত্রে : (ক) পিএ (স্টেনো) বা পিএ পদে অন্ত্যন্ত ৭(সাত) বৎসরের চাকরি; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্ত্যন্ত দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ম্লাতক বা সমমানের ডিপ্রী; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।
১৭।	নার্স	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে নার্সিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং (খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং (গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।
১৮।	ডেমোনস্ট্রেটর (ল্যাব)	অনুর্ধ্ব ৩০ বৎসর	৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ৪০% পদ প্রেষণে বদলির মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত কৃষি ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। প্রেষণে বদলির ক্ষেত্রে : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম-বেতনক্ষেত্রে ও সম-পদমর্যাদা সম্পর্ক কর্মকর্তাগণের মধ্য হইতে।

১	২	৩	৪	৫
১৯।	উপ-সহকারী কৃষি কর্মকর্তা (মাঠ)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত কৃষি ইনসিটিউট হইতে কৃষি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p>প্রেষণে বদলির ক্ষেত্রে :</p> <p>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম-বেতনক্ষেত্রে ও সম-পদব্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে।</p>
২০।	প্রিন্টিং মেশিন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত শাফিক আর্টস ইনসিটিউট হইতে প্রিন্টিং বা প্রিন্টিং টেকনোলজি বিষয়ে অন্যুন ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
২১।	ক্যাটালগার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>(ক) লাইব্রেরি সহকারী পদে অন্যুন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ম্লাতক বা সমমানের ডিগ্রীসহ এস্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>

১	২	৩	৪	৫
২২।	হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>(ক) নাজির কাম-ক্যাশিয়ার পদে অন্যন ১০ (দশ) বৎসরের চাকরি; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে হিসাব বিজ্ঞান বিষয়সহ অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ম্যাটক বা সমমানের ডিপ্লোমা; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
২৩।	পি.এ. (স্টেনো.)		<p>“The Stenographers & Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978” এবং মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের ক্ষেত্রে, কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি “স্টেনোগ্রাফার, স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০” অনুযায়ী নিম্নরূপ হইবে, যথা :-</p> <p>(ক) বাংলা : প্রতি মিনিটে ২৫ শব্দ; এবং</p> <p>(খ) ইংরেজি : প্রতি মিনিটে ৩০ শব্দ।</p>	
২৪।	পি.এ.		<p>“The Stenographers & Steno-typist (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978” এবং মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের ক্ষেত্রে, কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি “স্টেনোগ্রাফার, স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০” অনুযায়ী নিম্নরূপ হইবে, যথা :-</p> <p>(ক) বাংলা : প্রতি মিনিটে ২৫ শব্দ; এবং</p> <p>(খ) ইংরেজি : প্রতি মিনিটে ৩০ শব্দ।</p>	

১	২	৩	৪	৫
২৫।	ফটোগ্রাফার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিপ্লোমা;</p> <p>(খ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফি বিষয়ে অন্যন ১ (এক) বৎসর মেয়াদি সার্টিফিকেট কোর্স;</p> <p>(গ) কম্পিউটারে এডোবি ফটোশপসহ সংশ্লিষ্ট সফটওয়্যার এর উপর বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং</p> <p>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
২৬।	ড্রাফটসম্যান	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিপ্লোমা;</p> <p>(খ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশীপ বিষয়ে অন্যন ১ (এক) বৎসর মেয়াদি সার্টিফিকেট কোর্স; এবং</p> <p>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
২৭।	সিনিয়র মেকানিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>মেকানিক পদে অন্যন ৭ (সাত) বৎসরের চাকরি।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যন ১ (এক) বৎসর মেয়াদি মেকানিক্যাল বিষয়ে সার্টিফিকেট কোর্স; এবং</p> <p>(ঘ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা।</p>

১	২	৩	৪	৫
২৮।	অডিও ভিজুয়েল অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৩৫ এমএম ও ১৬ এমএম প্রজেক্টর, এমপ্লিফায়ার, পিএ সেট, জেনারেটর পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত;</p> <p>(গ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যুন ৬ (ছয়) মাস মেয়াদি সার্টিফিকেট কোর্স; এবং</p> <p>(ঘ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
২৯।	লাইব্রেরি সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রাহাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যুন ১ (এক) বৎসর মেয়াদি সার্টিফিকেট কোর্স; এবং</p> <p>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
৩০।	অভ্যর্থনাকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;</p> <p>(খ) ইংরেজি ও বাংলা ভাষায় শুন্দি উচ্চারণে সাবলিল ভাষায় কথা বলতে সক্ষম; এবং</p> <p>(ঘ) টেলিফোন ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>

১	২	৩	৪	৫
৩১।	সহকারী প্রিন্টিং মেশিন অপারেটর	অনুর্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) অফসেট মেশিন অপারেটিং টেস্ট এ উত্তীর্ণ; এবং</p> <p>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
৩২।	ফুড প্রসেসিং টেকনিশিয়ান	অনুর্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(খ) কোনো স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যুন ১ (এক) বৎসর মেয়াদি ফুড এন্ড কেমিক্যাল বিষয়ে সার্টিফিকেট কোর্স; এবং</p> <p>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।</p>
৩৩।	মেকানিক	অনুর্ব ৩০ বৎসর	৫০% পদ পদোন্নতির মাধ্যমে এবং ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>সেচ পাস্প অপারেটর পদ অন্যুন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(খ) কোনো স্বীকৃত ভোকেশনাল ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যুন ১ (এক) বৎসর মেয়াদি মেকানিক্যাল বা পাওয়ার বা কৃষি বিষয়ক যন্ত্রাংশ বিষয়ে ট্রেডকোর্স।</p>

১	২	৩	৪	৫
৩৪।	কেয়ারটেকার	অনুর্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যন্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা;</p> <p>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং</p> <p>(ঘ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী, যদি থাকে, প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে।</p>
৩৫।	ড্যাটা এন্ট্রি অপারেটর		The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।	
৩৬।	গুদামরক্ষক	অনুর্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>পদোন্নতির ক্ষেত্রে :</u></p> <p>(ক) এটেনডেন্ট পদে অন্যন্য ৫ (পাঁচ) বৎসরের চাকরি;</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং</p> <p>(গ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী, যদি থাকে, প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যন্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং</p> <p>(গ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী, যদি থাকে, প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে।</p>

১	২	৩	৪	৫
৩৭।	নাজির-কাম-ক্যাশিয়ার	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসা শিক্ষা শাখায় অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা;</p> <p>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং</p> <p>(ঘ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী, যদি থাকে, প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে ।</p>
৩৮।	প্রধান বাবুর্চি	অনুর্ধ্ব ৩৫ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং</p> <p>(খ) দেশি-বিদেশি খাদ্য প্রস্তুতির কাজে কোনো খ্যাতিমান হোটেল বা ক্যাফেটেরিয়ায় খাদ্য প্রস্তুতিতে অন্যন ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ।</p>
৩৯।	(ক) গাড়ি চালক (খ) গাড়ি চালক (আউট সের্ভিস)	The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অর্থ বিভাগ কর্তৃক জরীকৃত “আউট সের্ভিস প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী ।		
৪০।	প্লান্সার	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;</p> <p>(খ) কোন স্বীকৃত ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্লান্স বিষয়ে ট্রেড কোর্স ; এবং</p> <p>(গ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা ।</p>

১	২	৩	৪	৫
৪১।	সেচ পাম্প অপারেটর	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং</p> <p>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যন ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ।</p>
৪২।	(ক) এটেনডেন্ট (খ) এটেনডেন্ট (আউট সোর্সিং)	অনুর্ধ্ব ৩০ বৎসর	২৫% পদ পদোন্নতির মাধ্যমে এবং ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য থার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>পদোন্নতির ক্ষেত্রে:</u></p> <p>অফিস সহায়ক পদে অন্যন ৫(পাঁচ) বছরের চাকরি ।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং</p> <p>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা</p>
				অর্থ বিভাগ কর্তৃক জরীকৃত “আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী ।
৪৩।	অফিস সহায়ক	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।</p>
৪৪।	মালী	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং</p> <p>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যন ১(এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ।</p>

১	২	৩	৪	৫
৪৫।	(ক) নিরাপত্ত প্রহরী (খ) নিরাপত্ত প্রহরী (আউট সোর্সিং)	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u> (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র ক্লাস সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং (খ) অন্ত্যন ৫ ফুট ৪ ইঞ্চি শারীরিক উচ্চতা সম্পন্ন বলিষ্ঠ এবং সুস্থান্ত্রের অধিকারী পুরুষ। অর্থ বিভাগ কর্তৃক জরীকৃত “আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।
৪৬।	ইলেকট্রনিক্স (আউট সোর্সিং)	অর্থ বিভাগ কর্তৃক জরীকৃত “আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।		
৪৭।	ফার্ম ওয়ার্কার (আউট সোর্সিং)	অর্থ বিভাগ কর্তৃক জরীকৃত “আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।		
৪৮।	পরিচ্ছন্নতা কর্মী (আউট সোর্সিং)	অর্থ বিভাগ কর্তৃক জরীকৃত “আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।		

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফ্রম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd